# নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেট

NSW GOVERNMENT

আবেদন পত্রঃ অন সাপ্লাই পরিবার

**এই ফর্মটি যারা অন সাপ্লাইড আবাসিক কমিউনিটি, রিটায়ারমেন্ট ভিলেজ কিংবা স্ট্রাটা স্কিমের আওতাধীন বাড়িতে বসবাস করেন তাদের ব্যবহারের জন্য।**

**$198 / $22**

নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেট যেসকল পরিবারে পোশ্য শিশু রয়েছে এমন পরিবারদেরকে তাদের বিদ্যুৎ বিল মেটাতে সহায়তা করে।

**অন সাপ্লাইড** শব্দটি ব্যবহার করা হয় যখন কোন আবেদনকারী তাদের নিজের পছন্দের বিদ্যুৎ সরবরাহকারীর কাছ থেকে বিদ্যুৎ বিল পাওয়ার পরিবর্তে আবাসিক কমিউনিটি, রিটায়ারমেন্ট ভিলেজ কিংবা স্ট্রাটা স্কিমের ম্যানেজার বা মালিকের কাছ থেকে বিদ্যুৎ বিল বা ইনভয়েস পেয়ে থাকেন।

যদি আপনি যোগ্য হন, তাহলে নিউ সাউথ ওয়েলস ডিপার্টমেন্ট অব প্ল্যানিং, ইন্ডাস্ট্রি এন্ড এনভারনমেন্ট এর কাছ থেকে সর্বোচ্চ ১৯৮ ডলারের ছাড় আপনার ব্যাংক অ্যাকাউন্টে জমা হয়ে যাবে।

**আবেদন পত্র জমা দেয়ার শেষ তারিখ বুধবার ১৫ জুন রাত ১১ টা, ২০২২।**

**আপনি এই ওয়েবসাইটে অনলাইনে আবেদন করতে পারেনঃ**
**www.service.nsw.gov.au/transaction/apply-family-energy-rebate-supply-customers**

# শুরু করার আগে

আবেদন পত্র পূরণের আগে আপনার কাছে নীচের জিনিসগুলো আছে কিনা তা দয়া করে নিশ্চিত করবেনঃ

- ☐ আপনার কাস্টমার রেফারেন্স নম্বর (সার্ভিসেস অস্ট্রেলিয়া (সেন্টারলিঙ্ক) কর্তৃক ইস্যুকৃত CRN)
- ☐ আপনার ব্যক্তিগত এবং যোগাযোগের বিস্তারিত
- ☐ স্বয়ংক্রিয়ভাবে টাকা পাঠানোর জন্য আপনার ব্যাংক অ্যাকাউন্ট
- ☐ আপনার সাম্প্রতিক বিদ্যুৎ বিলের একটি কপি।

# চেকলিস্ট

## যোগ্যতার মানদণ্ড

এই ছাড়ের যোগ্য হওয়ার জন্য:

- ☐ আপনাকে অবশ্যই নিউ সাউথ ওয়েলস এর বর্তমান বাসিন্দা হতে হবে
- ☐ যোগ্য অন-সাপ্লায়েড আবাসিক কমিউনিটি (নিউ সাউথ ওয়েলস ফেয়ার ট্রেডিং এ নিবন্ধিত) বা রিটায়ারমেন্ট ভিলেজ (নিউ সাউথ ওয়েলস ফেয়ার ট্রেডিং এ নিবন্ধিত) অথবা স্ট্রাটা স্কিমের (নিউ সাউথ ওয়েলস ল্যান্ড রেজিস্ট্রি সার্ভিসে নিবন্ধিত) গ্রাহক হিসাবে আপনার মূল আবাসস্থলে বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুতের অ্যাকাউন্টে আপনার নাম থাকতে হবে।
- ☐ ২০২০-২১ অর্থবছরে অস্ট্রেলিয়ার সরকারের সার্ভিসেস অস্ট্রেলিয়া কর্তৃক ফ্যামিলি ট্যাক্স বেনেফিট (FTB) পার্ট A কিংবা পার্ট B পাওয়ার যোগ্য বলে বিবেচিত হয়েছেন এবং ২০২০-২১ সালে ঐ যোগ্যতার মানদণ্ডে এর অর্থ পেয়েছেন। এবং
- ☐ আপনি ২০২০-২১ অর্থবছরে FTB এর অর্থ পেয়েছেন এবং সার্ভিসেস অস্ট্রেলিয়া (সেন্টারলিঙ্ক) আপনার FTB অর্থ পাওয়ার অধিকার চূড়ান্ত (নিষ্পত্তি) করেছে।

# নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেট

আবেদন পত্রঃ অন সাপ্লাই পরিবার

# গুরুত্বপূর্ণ তথ্য

**আবেদন পত্র জমা দেয়ার শেষ তারিখ বুধবার ১৫ জুন রাত ১১ টা, ২০২২।**

**আপনি যদি অন সাপ্লায়েড কাস্টমার হয়ে থাকেন** এবং যদি আপনার বিদ্যুৎ বিল বা ইনভয়েস আপনার আবাসিক কমিউনিটি, রিটায়ারমেন্ট ভিলেজ অথবা স্ট্রাটা স্কিম কর্তৃক বা তাদের পক্ষ থেকে প্রদান করা হয় তাহলে আপনাকে আবেদন পত্রের সাথে ঐ বিদ্যুৎ বিলের একটি সম্পূর্ণ কপি প্রদান করতে হবে। বিলে অবশ্যই কমিউনিটি কিংবা অন সাপ্লায়ার এর বিস্তারিত, আপনার নাম ও ঠিকানা এবং সাইট/ইউনিট নম্বর থাকতে হবে এবং আপনি যে মিটারের মাধ্যমে বিদ্যুৎ পেয়ে থাকেন তা নিশ্চিত করতে হবে। মিটার এর রিডিং অথবা বিদ্যুতের পরিমান অবশ্যই ২০২১ সালের ১ জুলাই এর পর হতে হবে এবং ৩ মাসের বেশী পুরানো হলে চলবে না।

**আপনার যদি সার্ভিসেস অস্ট্রেলিয়া কনসেশন কার্ড কিংবা হেলথ কেয়ার কার্ড থাকে** এবং আপনি ফ্যামিলি এনার্জি রিবেট এর জন্য সবগুলো যোগ্যতার মানদণ্ড পূরণ করেন, তাহলে আপনার রিবেট ক্রেডিট ২২ ডলারের নিম্নতর সীমার রেট এ অনুমোদিত হবে, কারণ আপনি নিউ সাউথ ওয়েলস লো ইনকাম হাউজহোল্ড রিবেট এর জন্যও যোগ্য। অন সাপ্লাইয়েড কাস্টমারদের জন্য লো ইনকাম হাউজহোল্ড রিবেট এর উপর অতিরিক্ত তথ্য পাওয়া যাবে www.service.nsw.gov.au/transaction/apply-low-income-household-rebate-supply-customers ওয়েবসাইট থেকে।

## অতিরিক্ত তথ্য

সার্ভিস নিউ সাউথ ওয়েলস এর ওয়েবসাইট www.service.nsw.gov.au/services/concessions-rebates-and-assistance **দেখুন অথবা**

02 8073 9255 নম্বরে নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেটকে ফোন করুন।

# গোপনীয়তা সংক্রান্ত নোটিশ

৪ প্যারামাটা স্কয়ার, ১২ ডারসি স্ট্রিট, প্যারামাটা নিউ সাউথ ওয়েলস ২১৫০ ঠিকানায় অবস্থিত ডিপার্টমেন্ট অব প্ল্যানিং, ইন্ডাস্ট্রি এন্ড এনভারনমেন্ট (ডিপার্টমেন্ট) আপনার ব্যক্তিগত তথ্যের ব্যবহারের ক্ষেত্রে *প্রাইভেসি এবং পার্সোনাল ইনফরমেশন প্রটেকশন অ্যাক্ট ১৯৯৮ আইনটি* মেনে চলে।

বিদ্যুৎ বিলে ছাড়ের আবেদন পত্র যাচাইয়ের (সেই সাথে আপনার যোগ্যতা যাচাইয়ের) জন্য ডিপার্টমেন্ট আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করছে, আপনি যদি যোগ্য হন সেক্ষেত্রে আপনাকে বিলে ছাড় দিচ্ছে, বিদ্যুৎ ছাড় প্রকল্পটি পরিচালনা করছে এবং এই ছাড় কার্যক্রমটি অডিট করছে যার মধ্যে গ্রাহক অভিজ্ঞতা জরিপ অন্তর্ভুক্ত থাকতে পারে।

ফর্মটি পূরণ করার সময় আপনি অন্য কোন ব্যক্তির তথ্য প্রদান করতে পারেন। তবে ডিপার্টমেন্ট এর কাছে ব্যক্তিগত তথ্য প্রকাশ এবং গোপনীয়তা নোটিশ অনুসারে তা ব্যবহারের জন্য জন্য আপনাকে ঐ ব্যক্তির কাছ থেকে আগে অনুমতি নিতে হবে।

আপনি ছাড়ের যোগ্য হন কিনা তা নির্ধারণের জন্য ডিপার্টমেন্ট আপনার সিআরএন বা ডিভিএ নম্বর সার্ভিসেস অস্ট্রেলিয়ার কাছে প্রকাশ করবে। ডিপার্টমেন্ট আপনার ব্যক্তিগত তথ্য রিবেট এর অডিট কাজে নিয়োজিত তৃতীয় পক্ষের কোন প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করতে পারে। ডিপার্টমেন্ট আইনগতভাবে আবশ্যক না হলে অন্য কারও কাছে আপনার ব্যক্তিগত তথ্য প্রকাশ করবে না।

এই রিবেট এর জন্য আবেদন করা ঐচ্ছিক। তবে আপনি যদি আবেদন করার জন্য সিদ্ধান্ত নেন, সেক্ষেত্রে আপনার আবেদন যাচাইয়ের জন্য সরাসরি আপনার কাছ থেকে যেসকল ব্যক্তিগত তথ্য চাওয়া হচ্ছে তা অবশ্যই ডিপার্টমেন্টকে প্রদান করতে হবে।

ডিপার্টমেন্ট আপনার যেসকল ব্যক্তিগত তথ্য সংরক্ষণ করে সেগুলোতে আপনার প্রবেশাধিকার আছে। এছাড়াও আপনি এই তথ্যগুলো পরিবর্তন বা হালনাগাদ করার জন্য ডিপার্টমেন্টকে অনুরোধ করার অধিকার রাখেন। অতিরিক্ত তথ্যের জন্য ইমেইল করুন এই ঠিকানায়ঃ rebates@energysaver.nsw.gov.au

# নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেট

আবেদন পত্রঃ অন সাপ্লাই পরিবার

## ফর্মটি পূরণ করা

- দয়া করে ইংরেজিতে বড় হাতের অক্ষরে পূরণ করুন।
- আবেদনাকারির নাম অবশ্যই ২০২০-২১ সালের চিঠিপত্র এবং আপনার বিদ্যুৎ বিল/ইনভয়েসে উল্লেখিত নামের সাথে মিল থাকতে হবে।
- এই আবেদন পত্রে উল্লেখিত ঠিকানা অবশ্যই আবেদনকারীর মূল বাসস্থানের ঠিকানা হতে হবে।
- যে ব্যাংক অ্যাকাউন্টে টাকা পাঠানো হবে সেটি অবশ্যই আবেদনকারীর হতে হবে।

## আবেদনকারীর বিস্তারিত

**সিআরএন (সার্ভিসেস অস্ট্রেলিয়া):**

**নামের প্রথম অংশঃ**

**পারিবারিক নামঃ**

**কমিউনিটি/ভিলেজ এর নাম অথবা স্ট্রাটা প্ল্যান নম্বরঃ**

**সাইট/ইউনিট নম্বরঃ**

**রাস্তার ঠিকানাঃ**

**সাবার্বঃ**

**পোস্টকোডঃ**

**যোগাযোগের ফোন নম্বরঃ**

**ইমেইল ঠিকানাঃ**

ডাক ঠিকানা (যদি উপরের ঠিকানা থেকে ভিন্ন হয়ে থাকে)

**সাবার্বঃ**

**পোস্টকোডঃ**

## আবেদনকারীর ব্যাংকের বিস্তারিত তথ্য

**ব্যাংকের নামঃ**

**অ্যাকাউন্ট নাম (যেমন মিঃ এস স্মিথ):**

**বিএসবি নম্বরঃ**

**অ্যাকাউন্ট নম্বরঃ**

আপনি যদি ছাড়ের জন্য যোগ্য হন, সেক্ষেত্রে ডিপার্টমেন্ট আপনার মনোনীত অ্যাকাউন্টে টাকাটা পরিশোধ করবে।

# নিউ সাউথ ওয়েলস এনার্জি রিবেট

আবেদন পত্রঃ অন সাপ্লাই পরিবার

## আপনার পক্ষ হয়ে অন্য কোন ব্যক্তির আবেদনের জন্য সম্মতি (ঐচ্ছিক)

আপনি যদি চান যে অন্য কোন ব্যক্তি এই আবেদনের জন্য আপনার পক্ষ হয়ে কাজ করুক তবেই কেবল এই অংশটি পূরণ করুন।

☐ আমি কে অনুমতি দিচ্ছি, যাকে

নিম্নোক্ত কাজে নম্বরে ফোন করা যাবে।

- আমার পক্ষ হয়ে এই আবেদন যাচাইয়ে সহযোগিতা করার জন্য ডিপার্টমেন্টের সাথে কথা বলা
- এই আবেদন যাচাইয়ে সহযোগিতা করার জন্য আবেদনে উল্লিখিত কোন তথ্য ব্যাখ্যা করা।

☐ আমি উল্লিখিত মনোনীত ব্যক্তির সাথে নিশ্চিত হয়েছি যে তিনি আমার পক্ষ হয়ে কাজ করবেন এবং তাকে জানিয়েছি যে এই ফরমে তার কাছ থেকে প্রাইভেসি নোটিশ অনুসারে তথ্য সংগ্রহ ও সেই তথ্য ব্যবহার করা হবে।

☐ আমি বুঝতে পারছি যে আমি যেকোনো সময়ে এনার্জি রিবেটস টিমের সাথে 02 8073 9255 নম্বরে যোগাযোগ করে কিংবা rebates@energysaver.nsw.gov.au ঠিকানায় ইমেইল করে এই সম্মতি প্রত্যাহার করে নিতে পারি।

## আবেদনকারীর ঘোষণা এবং অনুমোদনের বিবৃতি

আমি (নাম লিখুন), ঠিকানা (আপনার মূল বাসস্থানের ঠিকানা লিখুন) :

- এই আবেদনপত্রের চেকলিস্ট ও প্রাইভেসি নোটিশ সহ সকল তথ্য পড়ে বুঝতে পেরেছি।
- ঘোষণা করছি যে এই আবেদন পত্রে প্রদত্ত সকল তথ্য আমার সর্বোচ্চ জ্ঞানমতে সত্য ও নির্ভুল।
- বুঝতে পারছি এই ফর্মে প্রদত্ত আমার কোন তথ্য পরিবর্তিত হলে তা ডিপার্টমেন্টকে জানানো আমার দায়িত্ব
- প্রয়োজন হলে আমার যোগ্যতা সম্পর্কিত অতিরিক্ত তথ্য সরবরাহ করার জন্য সম্মতি দিচ্ছি
- বুঝতে পারছি যে একবার স্বাক্ষর করার পর এই আবেদনটি সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য বলবত থাকবে যদি না আমি ডিপার্টমেন্ট এর সাথে যোগাযোগ করে আবেদনটি প্রত্যাহার করে নিই।
- এই আবেদনপত্রের সাথে আমি আমার সাম্প্রতিকতম বিদ্যুৎ বিল/ইনভয়েসের একটি কপি যুক্ত করেছি
- আমি ছাড় পাওয়ার যোগ্য কিনা তা নির্ধারণের সুবিধার্থে সার্ভিসেস অস্ট্রেলিয়া গ্রাহক তথ্য এবং কনসেশন কার্ডের অবস্থার ব্যাপারে খোঁজ নেয়ার জন্য ডিপার্টমেন্ট সার্ভিসেস অস্ট্রেলিয়ার ই-সার্ভিসেস ব্যবহার করবে।

**যোগাযোগের জন্য সম্মতি (ঐচ্ছিক)**

☐ ছাড়ের জন্য আবেদনের ক্ষেত্রে আমার অভিজ্ঞতা সম্পর্কে আমার সাথে যোগাযোগ করতে আমি ডিপার্টমেন্টকে সম্মতি দিচ্ছি।

**পাওয়ার অব এটর্নি বা আম মোক্তারনামা (যখন আবেদন আমমোক্তারনামার অধীনে স্বাক্ষর করা হবে)**

☐ এই আবেদনের সাথে আমি আমমোক্তারনামার একটি সত্যায়িত কপি যুক্ত করেছি।

**আবেদনকারীর স্বাক্ষরঃ** **তারিখঃ**

# এই ফর্ম জমা দেয়া

পুরণকৃত ফর্মটি rebates@energysaver.nsw.gov.au ঠিকানায় ইমেইল করুন **অথবা**

পুরণকৃত ফর্মটি এই ঠিকানায় পাঠিয়ে দিনঃ NSW Family Energy Rebate, PO Box 435, Parramatta NSW 2124. আপনি যদি ফর্মটি ডাকযোগে পাঠান, **তাহলে কাগজপত্রগুলোতে স্ট্যাপল কিংবা আঠাযুক্ত টেইপ ব্যবহার করবেন না।**